৫৫

দৈনিক সংবাদ

তারিখ ১৪ JUN ১৯৯৪
পৃষ্ঠা ১ কলাম ৫

# এইচএসসি ঃ আজকের পরীক্ষা হবে ৩০শে জুন

শিক্ষা বোর্ডগুলো ১৮ই জুনের নির্ধারিত উচ্চ মাধ্যমিক পরীক্ষাগুলো আগামী ৩০শে জুন অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত নিয়েছে। তবে এই পরীক্ষাগুলোর সময় অপরিবর্তিত থাকবে।

এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের প্রেসনোটে বলা হয়, পার্বত্য চট্টগ্রাম ইস্যুকে কেন্দ্র করে বিরোধীদলের লং মার্চশেষে ১৮ই জুন পরীক্ষার দিনে দেশব্যাপী হরতাল আহ্বান জনগণের কাছে ছিল অনাকাঙ্ক্ষিত। এদিন বিভিন্ন শিক্ষা বোর্ডের অধীন পূর্ব নির্ধারিত

পরীক্ষা ঃ পৃঃ ৭ কঃ ৭

## পরীক্ষা ঃ ৩০শে জুন হবে

(১ম পৃষ্ঠার পর)

পরীক্ষা কর্মসূচি ছিল বলে সরকার এবং জনগণ আশা করেছিল পরীক্ষার্থীদের বৃহত্তর স্বার্থের কথা ভেবে বিরোধীদল তাদের হরতাল কর্মসূচি প্রত্যাহার করবে অথবা পরীক্ষাকে হরতালের আওতামুক্ত ঘোষণা করবে।

দেশের সংবাদপত্র, অভিভাবক, শিক্ষক সমিতিগুলোও হরতাল প্রত্যাহারের আকুল আবেদন জানিয়ে বিবৃতি, সংবাদ এবং সম্পাদকীয় প্রকাশ করে। বস্তুত হরতালের জন্যে পরীক্ষা পেছানো নয়, পরীক্ষার জন্যেই হরতাল কর্মসূচি প্রত্যাহার হবে বলে সিভিল সমাজ আশা করেছিল। কিন্তু গত কয়েক দিনে জাতির শিক্ষার বৃহত্তর স্বার্থ এবং পরীক্ষার্থীদের উদ্বেগ ও উৎকণ্ঠার প্রতি বিরোধীদলের উদাসীনতায় সিভিল সমাজ চরমভাবে হতাশ হয়েছে।

বিরোধীদল থেকে কোন উদ্যোগ না নেয়ার পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় শিক্ষা বোর্ডগুলোকে পরীক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে ১৮ই জুনের পরীক্ষা পিছিয়ে দেয়ার বিষয়টি বিবেচনা করার জন্যে পরামর্শ দেয়।